গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়
মেট্রোপলিটন সার্কেল, ঢাকা-১০০০।
ওয়েবসাইট : pmgmetro.bdpost.gov.bd

নথি নং- ১৪.৩১.০০০০.১১১.১১.০০৫.২৪

তারিখ : ২৭/১০/১৪৩১ বঙ্গাব্দ
১০/০২/২০২৫ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

পোস্টমাস্টার জেনারেল, মেট্রোপলিটন সার্কেল, ঢাকা এর আওতাধীন ইউনিট/অফিসসমূহে রাজস্বভুক্ত বিভিন্ন শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://pmgmc.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল ও গ্রেড নং (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | ইউনিট/অফিসের নাম | পদের সংখ্যা | যে এলাকা/জেলার অধিবাসীগণ আবেদন করতে পারবেন (ইউনিট/অফিসের অধিক্ষেত্র অনুসারে) |
|---|---|---|---|---|---|---|
| ১. | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (স্টেনোটাইপিস্ট) | টাকা ১০২০০-২৪৬৮০ গ্রেড নং-১৪ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে ইংরেজিতে সর্বনিম্ন গতি ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ;<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ইংরেজিতে সর্বনিম্ন গতি ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ; এবং<br>(ঙ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়, মেট্রোপলিটন সার্কেল, ঢাকা। | ১ | ঢাকা মেট্রোপলিটন এলাকা। |
| | | | | ঢাকা নগরী দক্ষিণ বিভাগ, ঢাকা। | ১ | ঢাকা মেট্রোপলিটন এলাকা। |
| | | | | সর্টিং এন্ড এয়ার বিভাগ, ঢাকা। | ১ | সকল জেলা। |
| | | | | ডাক প্রশিক্ষণ কেন্দ্র, জিরানী, গাজীপুর। | ১ | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, টাংগাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা ও শেরপুর জেলা। |
| | | | | ব্যাগ নিয়ন্ত্রণ অফিস, ঢাকা। | ১ | সকল জেলা। |
| ২. | উচ্চমান সহকারী | টাকা ১০২০০-২৪৬৮০ গ্রেড নং-১৪ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ইংরেজিতে সর্বনিম্ন গতি ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ; এবং<br>(ঘ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়, মেট্রোপলিটন সার্কেল, ঢাকা। | ৪ | ঢাকা মেট্রোপলিটন এলাকা। |
| | | | | ডাক প্রশিক্ষণ কেন্দ্র, জিরানী, গাজীপুর। | ১ | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, টাংগাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা ও শেরপুর জেলা। |
| ৩. | কম্পাউন্ডার/ ফার্মাসিস্ট | টাকা ১০২০০-২৪৬৮০ গ্রেড নং-১৪ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত হেলথ ইনস্টিটিউট হতে ফার্মাসিস্ট কোর্সে সার্টিফিকেটধারী। | পোস্টাল ডিসপেন্সারী, ঢাকা। | ১ | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, টাংগাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা ও শেরপুর জেলা। |
| ৪. | মেকানিক | টাকা ১০২০০-২৪৬৮০ গ্রেড নং-১৪ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সুপ্রতিষ্ঠিত অটোমোবাইল ওয়ার্কশপে ৫(পাঁচ) বৎসরের কাজের অভিজ্ঞতা; অথবা<br>(গ) কোন স্বীকৃত বোর্ড/ইনস্টিটিউট/প্রতিষ্ঠান হতে অটোমোবাইল ট্রেড কোর্সধারী। | ঢাকা নগরী দক্ষিণ বিভাগ, ঢাকা। | ২ | ঢাকা মেট্রোপলিটন এলাকা। |
| ৫. | ড্রাফটসম্যান | টাকা ৯৭০০-২৩৪৯০ গ্রেড নং-১৫ | কোন স্বীকৃত ইনস্টিটিউট/প্রতিষ্ঠান হতে ড্রাফটসম্যানশীপ সার্টিফিকেটধারী। | ডাক প্রশিক্ষণ কেন্দ্র, জিরানী, গাজীপুর। | ১ | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, টাংগাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা ও শেরপুর জেলা। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৬. | মেইল অপারেটর | টাকা ৯৭০০-২৩৪৯০<br>গ্রেড নং-১৫ | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | সর্টিং এন্ড এয়ার বিভাগ, ঢাকা। | ৫১ | সকল জেলা। |
| ৭. | কম্পিউটার মুদ্রাক্ষরিক (টাইপিস্ট) | টাকা ৯৩০০-২২৪৯০<br>গ্রেড নং-১৬ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ইংরেজিতে সর্বনিম্ন গতি ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ; এবং<br>(ঘ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়, মেট্রোপলিটন সার্কেল, ঢাকা। | ১ | ঢাকা মেট্রোপলিটন এলাকা। |
| | | | | ঢাকা জিপিও, ঢাকা। | ১ | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, টাংগাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা ও শেরপুর জেলা। |
| | | | | ঢাকা নগরী উত্তর বিভাগ, ঢাকা। | ১ | ঢাকা মেট্রোপলিটন এলাকা। |
| ৮. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | টাকা ৯৩০০-২২৪৯০<br>গ্রেড নং-১৬ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ইংরেজিতে সর্বনিম্ন গতি ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ; এবং<br>(ঘ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়, মেট্রোপলিটন সার্কেল, ঢাকা। | ২ | ঢাকা মেট্রোপলিটন এলাকা। |
| | | | | ডাক প্রশিক্ষণ কেন্দ্র, জিরানী, গাজীপুর। | ১ | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, টাংগাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা ও শেরপুর জেলা। |
| | | | | পোস্টাল ডিসপেন্সারী, ঢাকা। | ১ | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, টাংগাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা ও শেরপুর জেলা। |
| ৯. | কার্পেন্টার | টাকা ৯৩০০-২২৪৯০<br>গ্রেড নং-১৬ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত বোর্ড/ইনস্টিটিউট/ প্রতিষ্ঠান হতে কার্পেন্ট্রীতে ট্রেড কোর্সধারী; এবং<br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | বৈদেশিক ডাক, ঢাকা। | ১ | সিলেট ও চট্টগ্রাম বিভাগের জেলাসমূহ ব্যতীত সকল জেলা। |
| ১০. | প্লাম্বার | টাকা ৯৩০০-২২৪৯০<br>গ্রেড নং-১৬ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত বোর্ড/ইনস্টিটিউট/ প্রতিষ্ঠান হতে প্লাম্বিং এ ট্রেড কোর্সধারী। | পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়, মেট্রোপলিটন সার্কেল, ঢাকা। | ২ | ঢাকা মেট্রোপলিটন এলাকা। |
| ১১. | ওয়্যারম্যান | টাকা ৮৫০০-২০৫৭০<br>গ্রেড নং-১৯ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত বোর্ড/ইনস্টিটিউট/ প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক ট্রেড কোর্সে বি/সি ক্যাটাগরি লাইসেন্সধারী। | পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়, মেট্রোপলিটন সার্কেল, ঢাকা। | ৪ | ঢাকা মেট্রোপলিটন এলাকা। |
| ১২. | আর্মড গার্ড | টাকা ৮৫০০-২০৫৭০<br>গ্রেড নং-১৯ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) অস্ত্র চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত। | ঢাকা জিপিও, ঢাকা। | ৩ | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, টাংগাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা ও শেরপুর জেলা। |
| | | | | নারায়ণগঞ্জ প্রধান ডাকঘর, নারায়ণগঞ্জ। | ১ | নারায়ণগঞ্জ জেলা। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৩. | প্যাকার | টাকা ৮৫০০-২০৫৭০<br>গ্রেড নং-১৯ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | ঢাকা জিপিও, ঢাকা। | ১১ | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, টাংগাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা ও শেরপুর জেলা। |
| | | | | বৈদেশিক ডাক, ঢাকা। | ৭ | সিলেট ও চট্টগ্রাম বিভাগের জেলাসমূহ ব্যতীত সকল জেলা। |
| | | | | ঢাকা সদর প্রধান ডাকঘর, ঢাকা। | ৩ | ঢাকা মেট্রোপলিটন এলাকা। |
| | | | | নারায়ণগঞ্জ প্রধান ডাকঘর, নারায়ণগঞ্জ। | ৪ | নারায়ণগঞ্জ জেলা। |
| ১৪. | অফিস সহায়ক (এমএলএসএস) | টাকা ৮২৫০-২০০১০<br>গ্রেড নং-২০ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়, মেট্রোপলিটন সার্কেল, ঢাকা। | ৩ | ঢাকা মেট্রোপলিটন এলাকা। |
| | | | | ঢাকা নগরী উত্তর বিভাগ, ঢাকা। | ২ | ঢাকা মেট্রোপলিটন এলাকা। |
| | | | | ঢাকা নগরী দক্ষিণ বিভাগ, ঢাকা। | ১ | ঢাকা মেট্রোপলিটন এলাকা। |
| | | | | বৈদেশিক ডাক, ঢাকা। | ২ | সিলেট ও চট্টগ্রাম বিভাগের জেলাসমূহ ব্যতীত সকল জেলা। |
| | | | | সটিং এন্ড এয়ার বিভাগ, ঢাকা। | ১ | সকল জেলা। |
| | | | | ব্যাগ নিয়ন্ত্রণ অফিস, ঢাকা। | ১ | সকল জেলা। |
| | | | | ঢাকা সদর প্রধান ডাকঘর, ঢাকা। | ১ | ঢাকা মেট্রোপলিটন এলাকা। |
| ১৫. | গার্ডেনার | টাকা ৮২৫০-২০০১০<br>গ্রেড নং-২০ | (ক) অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) বাগান পরিচর্যার অভিজ্ঞতা থাকতে হবে। | পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়, মেট্রোপলিটন সার্কেল, ঢাকা। | ১ | ঢাকা মেট্রোপলিটন এলাকা। |
| | | | | বৈদেশিক ডাক, ঢাকা। | ১ | সিলেট ও চট্টগ্রাম বিভাগের জেলাসমূহ ব্যতীত সকল জেলা। |
| | | | | ডাক প্রশিক্ষণ কেন্দ্র, জিরানী, গাজীপুর। | ১ | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, কিশোরগঞ্জ, টাংগাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা ও শেরপুর জেলা। |
| | | | | ঢাকা সদর প্রধান ডাকঘর, ঢাকা। | ১ | ঢাকা মেট্রোপলিটন এলাকা। |
| | | | | সর্বমোট = | ১২৩ | |

<u>আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে আবশ্যিকভাবে অনুসরণীয় শর্তাবলী :</u>

১। প্রার্থীর বয়সসীমা: **০৯-০৩-২০২৫ খ্রিস্টাব্দ** তারিখে সর্বনিম্ন বয়স ১৮ বৎসর এবং সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

৪। সকল পদের প্রার্থীকে বাংলা, ইংরেজি, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ে MCQ টাইপের লিখিত পরীক্ষা/লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

৫। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদেরকে অবশ্যই নিম্নবর্ণিত সনদসমূহের মূল কপি প্রদর্শনপূর্বক অতিরিক্ত ০১(এক) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে;
(ক) অনলাইনে পূরণকৃত Application Form;
(খ) ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
(গ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এবং প্রযোজ্য ক্ষেত্রে লাইসেন্স/অভিজ্ঞতা সনদ;
(ঘ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্র;
(ঙ) বাংলাদেশের স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;
(চ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;
(ছ) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে পিতার/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) এর উপযুক্ত/যথাযথ সনদপত্র এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/ বীরাঙ্গনার পুত্র-কন্যার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়নপত্র।
(জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ;
(ঝ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ;
(ঞ) তৃতীয় লিঙ্গের প্রার্থীর ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ।

৬। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ভুয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে কিংবা নিয়োগ পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদন/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। বিজ্ঞপ্তিতে প্রকাশিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা বাতিল এমনকি কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার সম্পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এছাড়া একাধিক পদের/সমগ্রেডভুক্ত একাধিক পদের পরীক্ষা একই দিনে ও একই সময়ে গ্রহণের ক্ষমতাও কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৯। যে সকল পদের বিপরীতে বিজ্ঞ আদালতে মামলা চলমান আছে সে সকল পদ সংরক্ষণ করা হয়েছে।

১০। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয় :**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://pmgmc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) **Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৩-০২-২০২৫ খ্রিস্টাব্দ সকাল ১০:০০ ঘটিকা।**

(ii) **Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৯-০৩-২০২৫ খ্রিস্টাব্দ বিকাল ৫:০০ ঘটিকা।** উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে sms এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী** ও **পরীক্ষার ফি প্রদান :** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন প্রার্থী একটি user ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলে পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পর আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট কপি সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকের ১ হতে ১০ নং ক্রমিকের জন্য আবেদন ফি ১০০/- (একশত) টাকা+ Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বারো) টাকাসহ সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা এবং ১১ হতে ১৫ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা এবং **সকল গ্রেড (অনগ্রসর নাগরিক) এর জন্য আবেদন ফি বাবদ বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা** অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

**প্রথম SMS**: **PMGMC**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **PMGMC ABCDEF** & send to 16222

Reply: Applicant's name, TK-112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type PMGMC<space>Yes<space> PIN and send to 16222

**দ্বিতীয় SMS**: **PMGMC**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **PMGMC Yes 1234567**
Reply: Congratulations! Applicant's name, Payment completed successfully for PMGMC Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://pmgmc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:

**PMGMC**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.

Example: PMGMC Help User ABCDEF & Send to 16222.

(ii) PIN Number জানা থাকলে:

PMGMC<space>**Help**<space>**PIN**<space>**PIN NO** & Send to 16222.

Example: PMGMC **Help PIN 12345678** & Send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও পোস্টমাস্টার জেনারেল, মেট্রোপলিটন সার্কেল, ঢাকা এর ওয়েবসাইট pmgmetro.bdpost.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

(ঞ) নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য pmgmetro.bdpost.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ট) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা staff.pmgmetro@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: POSTMASTER GENERAL, METROPOLITAN CIRCLE (PMGMC), Post Name *** Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ঠ) **ডিক্লারেশন :** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১২। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

২০/০২/২০২৫

(মোছাঃ মানছুরা রহমান চৌধুরী)
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল
ও সদস্য সচিব, নিয়োগ কমিটি
ফোন : ০২-২২২৩৩৮৯০৩১।

পোস্টমাস্টার জেনারেল, মেট্রোপলিটন সার্কেল, ঢাকা এর ওয়েবসাইট প্রবেশ এর QR Code

পোস্টমাস্টার জেনারেল, মেট্রোপলিটন সার্কেল, ঢাকা এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code